

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৩.২২. ১৯

তারিখ: ২৬ জুন ২০২২ খ্রি.

রাজশাহী জেলার পবা উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা : জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

পরিদর্শনের তারিখ : ১৪ জুন ২০২২
পরিদর্শনের সময় : সকাল ১১-০০ টা

গত ১৪ জুন ২০২২ তারিখ রাজশাহী জেলার পবা উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন করি। পরিদর্শনকালে ভূমি অফিসের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার, পবা ও সহকারী কমিশনার (ভূমি) (অতি. দায়িত্ব) জনাব লসমী চাকমা উপস্থিত হন। পরিদর্শনকালে উপস্থিত কয়েকজন সেবাগ্রহীতার সাথে মতবিনিময় করা হয় এবং ভূমি অফিসের সমসাময়িক বিষয়সমূহ খতিয়ে দেখা হয়।

সেবাগ্রহীতাদের সাথে মতবিনিময়:

০১। জনাব মোঃ আবদুর রহমান, পিতা: মোঃ ইসমাইল হক, গ্রাম: বিনোদপুর বাজার, থানা: মতিহার, জেলা: রাজশাহী। তিনি জানান ১৩৩০৭/২০২১-২২ নং নামজারি কেসটি অনুমোদিত হয়েছে। তিনি অনলাইনে নোটিশ জারি ও কোর্ট ফি বাবদ ৭০ টাকা বিকাশের মাধ্যমে পরিশোধ করেছেন। এখন তার ডিসিআর কাটতে কত টাকা প্রদান করতে হবে সে বিষয়টি জানতে এসেছেন। এ বিষয়ে নাজির তাকে জানিয়েছেন যে, ডিসিআর বাবদ তাকে ১,১০০/- টাকা প্রদান করতে হবে। উপজেলা ভূমি অফিসের সেবার মান বেশ ভালো বলে তিনি উল্লেখ করেন।

০২। জনাব মোঃ সোহেল রানা, পিতা: মোঃ শাহানাজ আলী, সাং: বাগধানী উরাপুর, উপজেলা: পবা, জেলা: রাজশাহী ১২১১১ নং নামজারি আবেদন কি অবস্থায় আছে সে বিষয়টি জানতে এসেছেন। এ বিষয়ে নামজারি সহকারি জানান যে, উক্ত আবেদনটি অনুমোদন হয়েছে এখন ডিসিআর এর টাকা অনলাইনে প্রদান করা যাবে।

০৩। জনাব মোঃ রমজান আলী, পিতা: মোঃ আবুল কাশেম, সাং: হরিপুর, ডাকঘর: হরিপুর, থানা: দামকুড়া, জেলা: রাজশাহী জানান তার নিজ নামে ১১১৩৩ নং নামজারি কেসটি ইউনিয়ন ভূমি অফিস হতে প্রস্তাব এসেছে। এ বিষয়ে এখন তার করণীয় বিষয়ে জানতে এসেছেন। এ বিষয়ে কানুনগো সেবাপ্রার্থীকে জানান যে মূল দলিলসহ শুনানীর তারিখে উপস্থিত হতে হবে। উপজেলা ভূমি অফিসের সেবার মান সন্তোষজনক মর্মে তিনি উল্লেখ করেন।

নথিপত্র/তথ্যাদি পর্যালোচনা:

- পবা উপজেলার আয়তন ৩৩৯.৬২ বর্গকিলোমিটার। মোট জনসংখ্যা ৩,১৪,১৯৬ জন (২০১১ সালের আদমশুমারী), পৌরসভার সংখ্যা ০২টি, ইউনিয়নের সংখ্যা ০৮টি, ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা ০৪টি, মোট মৌজার সংখ্যা ১৮৯টি, মোট হোল্ডিং সংখ্যা ১,৭৯,৯৬৮টি, মোট জমির পরিমাণ ৮০,৯৫০.১০ একর।
- মোট খাস জমির পরিমাণ ৮৩৬৪.৪৭৯ একর, তন্মধ্যে কৃষি খাস জমির পরিমাণ ৭৯৪.৫৮৩৮ একর, অকৃষি খাস জমির পরিমাণ ৭৫৬৯.৮৯৫২ একর। বন্দোবস্তকৃত কৃষি খাস জমির পরিমাণ ৫৪৬.৫৯ একর এবং অকৃষি ৪১.৮১১৭ একর। বন্দোবস্তযোগ্য কৃষি খাস জমির পরিমাণ ২৯.১৪০০ একর এবং অকৃষি ৪৯.৪০ একর। বন্দোবস্ত অযোগ্য কৃষি খাস জমির পরিমাণ ৫৫.৪৪৩৮ একর। অবশিষ্ট কৃষি খাস জমির পরিমাণ ১৬.৪১ একর এবং অকৃষি খাস জমির পরিমাণ ৭৫১২.৯০৬৯ একর।

- আদর্শগ্রাম/গুচ্ছগ্রামে মোট ০৬টি মৌজায় ১৪.৭৯ একর জমির উপর মোট ৩০৪টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে।
- আশ্রয়ণ প্রকল্পে কাশিয়াডাঙ্গা মৌজায় ০.৫৫ একর জমির উপর ৩০টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে।
- মোট ভিপি জমির পরিমাণ ৬৭.৬৬ একর, তন্মধ্যে লীজ প্রদানকৃত জমির পরিমাণ ৩২.০০ একর এবং অবশিষ্ট জমির পরিমাণ ৩৫.৬৬ একর। চলতি অর্থবছরে পরিদর্শনের তারিখ পর্যন্ত আদায় ২,৭১,৩১২/- টাকা, আদায়ের হার ৮০.৪৫%।
- ২০২১-২২ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের মোট দাবী ১,৮২,৩৯,২৯৬/- টাকা, মোট আদায় ১,৭৪,২৪,১৮২/- টাকা, আদায়ের হার ৯৫.৮২%। তন্মধ্যে সাধারণ মোট দাবী ১,৬০,৭৯,৫০৭/- টাকা, আদায় ১,৬৬,২৮,২৩৬/- টাকা, আদায়ের হার ১০৩.৪১% এবং সংস্থার মোট দাবী ২১,৫৯,৭৮৯/-টাকা, আদায় ৭,৯৪,৯৫৬/-টাকা, আদায়ের হার ৩৬.৮৫%।
- মোট খাস পুকুরের সংখ্যা ৫৮টি, তন্মধ্যে মোট ইজারাকৃত ০৬টি, খাস আদায় ১১টি এবং ইজারা কার্যক্রম চলমান ৪১টি।
- মোট হাট-বাজারের সংখ্যা ২১টি, তন্মধ্যে মোট ইজারাকৃত ১৭টি, খাস আদায় ০২টি এবং ০২টি হাট বসে না।
- মোট হোল্ডিং সংখ্যা ১,৭৯,৯৬৮টি। মোট হোল্ডিং এন্ট্রির সংখ্যা ১,৭৯,৯৬৮টি, এন্ট্রির হার ১০০%।
- চলতি অর্থবছরে মোট নামজারি মামলার আবেদন ১৩,৭৯৯টি, তন্মধ্যে নিষ্পন্ন মামলার সংখ্যা ১১,৩১৫টি, আদায়ের হার ৮২.৩৮%।

সার্বিক মন্তব্য :

- সকল বিধি-বিধান অনুসরণ করে হাট-বাজার ও জলমহালসমূহের ইজারা কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- নামজারি মামলা পরিচালনার ক্ষেত্রে সেবাপ্রত্যাশীগণ যাতে কোনভাবেই হয়রানির শিকার না হন সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- সকল সেবাপ্রার্থী যেন সহজেই তাদের সেবা পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত বিরতিতে অফিসটি পরিদর্শন/দর্শন করবেন।


 ২৬.০৬.২১
 জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
 বিভাগীয় কমিশনার
 রাজশাহী

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, রাজশাহী
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী
- ৬। সহকারী কমিশনার (ভূমি), পবা, রাজশাহী